# উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোখছেদুল মোমিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>সৈয়দপুর, নীলফামারী। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর। |
| তারিখ | ঃ | ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা-১১.৩০টা। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ০৮.০৮.২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ০৮.০৮.২০২১ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৫<br>উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের উদ্বৃত্ত ১,৫৬,৭১,৪০৫/- টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে এবং ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রথম কিস্তি বাবদ ১৫,৯৯,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া চলমান ০৮টি বিদ্যালয়ে ভবন তৈরীর কাজের মধ্যে ০৩টির কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৫টি কাজ শীঘ্রই সম্পন্ন করা হবে। তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৫ ঃ<br>১) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২২ অর্থ বছরের আওতায় প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনাঃ ০৬** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপস্থাপন করেন যে, উপজেলা নারী উন্নয়ন ফোরামের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | **আলোচনাঃ ৭.১** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ মাসে অদ্যাবধী ১৫ (পনের) জন করোনা আক্রান্ত রোগী পাওয়া গেছে। বিগত তিনদিন যাবত কোন নতুন রোগী সনাক্ত হয়নি। টিকাদান কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ১৯% প্রাপ্ত বয়স্ক মানুষকে টিকা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত কোভিশিল্ড-১৭,২৪১টি এবং সিনোফার্ম-১১,১৫৩টি টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত ৭.১ ঃ সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সৈয়দপুর |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনাঃ ৭.২** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় নবী পাট বীজ উৎপাদানের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে উপকরণ সহায়তা প্রদানের জন্য ১০জন কৃষকের বরাদ্দ পাওয়া গেছে।<br>গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদনের জন্য ৩০জন কৃষকের বরাদ্দ পাওয়া গেছে এবং ৫০% ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতির আবেদন কৃষকদের মধ্য হতে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে আহবান করার সিদ্ধান্ত রয়েছে।<br>এছাড়া তিনি বলেন, উপজেলার কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২ ঃ নবী পাট বীজ উৎপাদার ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদানের জন্য প্রকৃত কৃষক নির্বাচনসহ কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | **আলোচনাঃ ৭.৩** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলার ডিম,মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনাঃ ৭.৪** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে সৈয়দপুর উপজেলার ১৩টি জলাশয়ে বিভিন্ন জাতের মোট ৩১৯ কেজি পোনা অবমুক্ত করা হয়েছে। উত্তরাঞ্চলে মাছের ঘাটতি পুরনে দেশীয় প্রজাতীর মাছ চাষে মানুষজনকে উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া মৎস্য চাষিদেরকে মৎস্য চাষের বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.৪ ঃ বিস্তারিত আলোচনান্তে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৫** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে দীর্ঘ সময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর সরকারি ঘোষণা মোতাবেক আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে | সিদ্ধান্ত ৭.৫ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার,সৈয়দপুর |

| | | | |
|---|---|---|---|
| | পাঠদান কার্যক্রম পুনরায় শুরু হবে। পাঠদান কার্যক্রম চালুর উদ্দেশ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিদ্যালয় পরিচালনার জন্য হ্যান্ড স্যানিটাইজার,সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনাঃ ৭.৬** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে বাস্তবায়নকৃত কয়েকটি এইচবিবি রাস্তা বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ হয়েছে। কামারপুকুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের চিকলী ব্রিজ হতে আলাউদ্দিন পাড়া যাওয়ার রাস্তা ও বোতলাগাড়ী ইউনিয়নের ০৭নং ওয়ার্ড কাচারীর মোড় হতে দলবাড়ী পাড়া যাওয়ার রাস্তা দুটি অধিক ক্ষতিগ্রস্থ হওয়ায় মেরামত করা প্রয়োজন। | সিদ্ধান্ত ৭.৬ ঃ বিস্তারিত আলোচনান্তে কামারপুকুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের চিকলী ব্রিজ হতে আলাউদ্দিন পাড়া যাওয়ার রাস্তা ও বোতলাগাড়ী ইউনিয়নের ০৭নং ওয়ার্ড কাচারীর মোড় হতে দলবাড়ী পাড়া যাওয়ার রাস্তা দুটি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনাঃ ৭.৭** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, স্বাভাবিক প্রসবসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৬.৭ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৬.৮** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে দীর্ঘ সময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর সরকারি ঘোষণা মোতাবেক আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পুনরায় শুরু হবে। পাঠদান কার্যক্রম চালুর উদ্দেশ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিদ্যালয় পরিচালনার জন্য হ্যান্ড স্যানিটাইজার,সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৮ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | **আলোচনাঃ ৭.৯** উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.১০** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, সামাজিক বনায়নের আওতায় কর্তনযোগ্য বনায়ন আবেদন সাপেক্ষে কর্তনের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র,সৈয়দপুরকে উপজেলার বিভিন্ন এলাকার সামাজিক বনায়নের আওতায় কর্তনযোগ্য বনায়ন এবং ঝুঁকিপূর্ণ গাছ কর্তনের আবেদনের প্রেক্ষিতে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনাঃ ৭.১১** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া করোনাভাইরাসের বিস্তার রোধে দীর্ঘ মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকার পর পুনরায় শুরু হয়েছে। | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনাঃ ৭.১২** উপজেলা সমবায় কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে | সিদ্ধান্ত ৭.১২ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা,সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | চলছে। এছাড়াও বোতলাগাড়ী আশ্রয়ন প্রকল্পে ঋণ বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই বিতরণ কার্যক্রম শুরু করা হবে। | স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৩** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রনোদনা প্যাকেজর আওতায় ৪% সেবামূল্যে ০২ বছর মেয়াদে অত্র উপজেলায় ১১ জন পল্লী উদ্যোক্তাকে ২৪.৫০লক্ষ টাকা প্রনোদনা ঋণ বিতরণ করা হয়। এছাড়া অপ্রধান শষ্য প্রকল্পের আওতায় বিগত ২০২০-২১ অর্থ বছরে ৮০জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান,০৬টি প্রদর্শনী খামার স্থাপন,১৫০ জন সদস্যকে বীজ ও চারা বিতরণসহ ১১৭জন সদস্যকে ১৪.১০ লক্ষ টাকা ৪% সেবামূল্যে বিতরণ করা হয়। এছাড়া দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৩ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনাঃ ৭.১৪** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, ১০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত বয়স্ক ও বিধবা ভাতাভোগীদের আবেদনের মেয়াদ রয়েছে। যোগ্য সকল ব্যক্তিদেরকে আবেদন করানোসহ বিষয়টি বহুল প্রচারের জন্য উপস্থিত সকল জনপ্রতিনিধিদের নিকট অনুরোধ জানান। এছাড়াও তিনি আরও জানান যে, তাঁর দপ্তরের জন্য শেখ ফজিলাতুন্নেছা কমপ্লেক্স নির্মানের জন্য স্থান চাওয়া হয়েছে। স্থান বরাদ্দ পেলে তা পরবর্তী কার্যক্রমের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে এ উপজেলার সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৫** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রদানের কাজ চলছে এবং চলতি অর্থ বছর হতে সকল প্রশিক্ষণার্থীদের যাতায়াত বাবদ ১০০/- করে প্রদান করা হবে। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ,ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনাঃ ৭.১৬** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, কামারপুকুর ইউনিয়নের খাদ্য বান্ধব কর্মসূচির ০১ (এক) জন ডিলার মৃত্যুবরণ করায় নতুন ডিলার নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,সৈয়দপুরকে কামারপুকুর ইউনিয়নের খাদ্য বান্ধক কর্মসূচির আওতায় মৃত ডিলারের স্থনে নতুন ডিলার নিয়োগসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনাঃ ৭.১৭** উপজেলা নির্বাচন অফিসার,সৈয়দপুর সভায় জানান যে, বর্তমানে তাঁর দপ্তরের অধিকাংশ কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যাচ্ছে ফলে মানুষের সেবা প্রাপ্তি অপেক্ষাকৃত সহজ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনাঃ ৭.১৮** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| আমার বাড়ী আমার খামার ও | **আলোচনাঃ ৭.১৯** উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুর | সিদ্ধান্ত ৭.১৯ উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও | উপজেলা সমন্বয়কারী |

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় জানান যে, তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুরকে ঋণ বিতরণ ও আদায়ে শতভাগ স্বচ্ছতা রক্ষা করার জন্য বলা করা হলো। | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২০** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চালু রয়েছে। | সিদ্ধান্ত ৭.২০ ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে স্বাভাবিক কার্যক্রম চালু রাখার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনাঃ ৭.২১** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২১ সিনিয়র স্টেশস অফিসার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের সেবার মান বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২২** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২২ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা গভর্নেন্স প্রজেক্ট | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২৩ উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর,সৈয়দপুকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৪** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২৪ তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা,সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৫** সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, সৈয়দপুর উপজেলায় ১০টি শেখ রাসের ল্যাবঃ রয়েছে। সমগ্র বাংলাদেশের ল্যাবগুলো নিয়মিত পর্যবেক্ষনের আওতায় আনার জন্য একটি সফটওয়ার তৈরী করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৫ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনাঃ ৭.২৬** আবাসিক মেডিকেল অফিসার,১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২৬ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল,সৈয়দপুকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনাঃ ৭.২৭** চেয়ারম্যান, কামারপুকুর ইউপি ,চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি, খাতামধুপুর ইউপি, প্যানেল চেয়ারম্যান কাশিরামবেলপুকুর ইউপি ও প্যানেল চেয়ারম্যান বোতলাগাড়ী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.২৭ সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান,সকল ইউপি,সৈয়দপুর |
| আলোচনা বিবিধঃ | **আলোচনাঃ ৮** সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন" এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়,রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়।

এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। **<u>সংশোধনীঃ</u>** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরে সেমি পাকা আনসার ব্যারাক নির্মানের জন্য ৫১,২৮,৪৪৯.৪৬ (একান্ন লক্ষ আঠাশ হাজার চারশত উনপঞ্চাশ টাকা ছেচল্লিশ পয়সা) বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের প্রেক্ষিতে স্থাপনা নির্মানের জন্য প্রয়োজনীয় স্থান প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। সভায় বিস্তারিত আলোচনান্তে আনসার ও ভিডিপি কার্যালয় বরাবর পূর্ব পশ্চিমে দৈঃ ১০০ ফুট ও প্রস্থ ২৮ ফুট মাপের আনসার ব্যারাক নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উক্ত ভবনে বসবাসরতদের ব্যবহারের জন্য একটি টয়লেট ও বাথরুম নির্মানের অনুমতি প্রদান করা হয়।

১২। সভায় আরও আলোচনা হয় যে, সৈয়দপুর উপজেলায় কর্মস্থল নয় এমন অফিসারগণ উপজেলা পরিষদের আবাসিক এলাকায় বাসা ভাড়া নিয়ে অবস্থান করছেন। ফলে সৈয়দপুর উপজেলায় কর্মরত অফিসারগণ বাসা ভাড়া নিতে না পারায় অনেকেই পরিবার পরিজন সমেত উপজেলা ক্যাম্পসের বাহিরে অবস্থান করছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে যেসকল অফিসারের কর্মস্থল সৈয়দপুর নয় তাঁদেরকে সৈয়দপুর উপজেলা পরিষদের বাসা ছেড়ে দেয়ার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের হলরুমের চেয়ার সরবারহ করা প্রয়োজন। চেয়ার ক্রয়ের জন্য ইতোমধ্যে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন মোতাবেক চেয়ার ক্রয়ের জন্য নিম্নোক্তভাবে প্রকল্প কমিটি গঠন করা হলো।

প্রাক্কলিত অর্থ- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

<u>প্রকল্প কমিটি</u>

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জুয়েল চৌধুরী, চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আতাউর রহমান, সার্ভেয়ার,উপজেলা প্রকৌশল দপ্তর,সৈয়দপুর। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ মেহেদী হাসান, অফিস সহকারী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম,ইউপি সদস্য,খাতামধুপুর ইউপি,সৈয়দপুর। | সদস্য |
| ০৫ | জনাব ক্বারী মোঃ জালাল উদ্দিন,ইমাম,উপজেলা পরিষদ জামে মসজিদ,সৈয়দপুর। | সদস্য |

গঠিত কমিটিকে প্রাক্কলন মোতাবেক মালামাল সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের চেয়ার,টেবিল,বুকসেলফ ও স্টিলের আলমীরা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন মোতাবেক মেরামত কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্তভাবে প্রকল্প কমিটি গঠন করা হলো।

প্রাক্কলিত অর্থ- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

<u>প্রকল্প কমিটি</u>

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আলী,প্যানেল চেয়ারম্যান,বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আতাউর রহমান, সার্ভেয়ার,উপজেলা প্রকৌশল দপ্তর,সৈয়দপুর। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ মেহেদী হাসান,অফিস সহকারী,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | জনাব মোঃ রাশেদুল ইসলাম,বোতলাগাড়ী,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | জনাব ক্বারী জালাল উদ্দিন,ইমাম,উপজেলা পরিষদ জামে মসজিদ,সৈয়দপুর | সদস্য |

গঠিত কমিটিকে প্রাক্কলন মোতাবেক মালামাল সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

তিনি সভায় আরও বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন জরুরীভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে ইতোমধ্যে মেরামত/সংস্কারের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরীভিত্তিতে কাজটি স্পট কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

তিনি সভায় উল্লেখ করেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের স্টোর রুম মেরামত/সংস্কার এবং সীমানা প্রাচীর রংকরণ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে ইতোমধ্যে উক্ত কাজের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরীভিত্তিতে কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে প্রকল্প কমিটি গঠন করা হয়। প্রাক্কলিত অর্থ- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

<u>প্রকল্প কমিটি</u>

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ রেজাউল করিম লোকমান, চেয়ারম্যান,কামারপুকুর ইউপি,সৈয়দপুর | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আতাউর রহমান, সার্ভেয়ার,উপজেলা প্রকৌশল দপ্তর,সৈয়দপুর। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হামিদুল,অফিস সহকারী,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | জনাব মোঃ লুৎফর রহমান,ইউপি সদস্য, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | জনাব ক্বারী জালাল উদ্দিন,ইমাম,উপজেলা পরিষদ জামে মসজিদ,সৈয়দপুর | সদস্য |

গঠিত কমিটিকে প্রাক্কলন মোতাবেক মালামাল সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ | ২০,৫০০/- |
| ২. | উপজেলা পরিষদের জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ ব্যয়ের ভ্যাট | ২,৪৫০/- |
| ৩. | উপজেলা পরিষদের জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ ব্যয়ের আয়কর | ১,৪৭০/- |
| ৪. | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর মহোদয়ের আগস্ট/২০২১ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ৫. | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এর আগস্ট/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৬. | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর আগস্ট/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৭. | উপজেলা পরিষদের মালির আগস্ট/২০২১ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ৮. | উপজেলা পরিষদের সুইপারের আগস্ট/২০২১ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ৯. | উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ১০. | উপজেলা পরিষদ কার্যালয়ের আগস্ট/২০২১ আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ১১. | অনার বোর্ড তৈরী বাবদ ব্যয় | ৬,১৫০/- |
| ১২. | ০৮ আগস্ট/২১ ও ১৫ আগস্ট/২১ পালন বাবদ ব্যয় | ২০,৫০০/- |
| ১৩. | | |
| ১৪. | উপজেলা পরিষদের ড্রেন পরিস্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ১৫. | অনার বোর্ড তৈরী, ০৮ আগস্ট/২১ ও ১৫ আগস্ট/২১ পালন,আগস্ট/২০২১ মাসের আপ্যায়ন, আনুষঙ্গিক ব্যয়ের ভ্যাট | ৭,৫০০/- |
| ১৬. | অনার বোর্ড তৈরী, ০৮ আগস্ট/২১ ও ১৫ আগস্ট/২১ পালন,আগস্ট/২০২১ মাসের আপ্যায়ন, আনুষঙ্গিক ব্যয়ের আয়কর | ২,০২৫/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।
পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার জন্য সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
***www.syedpur.nilphamari.gov.bd***

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২১-　　　　　　　　　　　　　　তারিখ ঃ ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ-　　(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,....................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(মোঃ শামীম হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০৫৫২৬৭২২৮৬
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬
unosyedpur@mopa.gov.bd